

সেতুটি

কিছুদিন আগে আমি যখন গানের জন্যে কবিতা লিখছিলাম, আমার একটা কথা মনে এল। একটা 'প্রাণখোলা ও যথার্থ' গান লিখলে ভালো হয় না কি, সে গানটাকে পৃথিবীর সব ভাষায় অনুবাদ করে তারপর সারা পৃথিবী থেকে সঙ্গীতজ্ঞদের আমন্ত্রণ করে গানটাকে তাদের মত করে গাইতে বাজাতে বলা?

আমি লিখলাম "দ্য ব্রিজ" ("সেতুটি") আর পৃথিবীর সবচেয়ে ব্যবহৃত পাঁচটি ভাষায় পরিবেশন করলাম : চাইনীজ, স্প্যানিশ, ইংরেজী, বাংলা এবং হিন্দী (মূল লেখাটা ইংরেজীতে)। আমি আপনাদের নিজের ভাষায় কবিতাটি অনুবাদ করতে এবং সুরের সাথে এর সবিশেষ বর্ধন আমাদের সাথে ভাগ করে নিতে আমন্ত্রণ জানাচ্ছি। YouTube, MySpace বা অন্য কোনোভাবে এটা করা যাবে : thisisthebridge উল্লেখ করা বাঞ্ছনীয়।

এই প্রকল্পটির পেছনে আমার কোনো রাজনৈতিক, ধর্মীয় বা অর্থনৈতিক উদ্দেশ্য নেই। এটা শুধু "আনন্দের"ই ব্যাপার। এছাড়া, আমার মনে হয়, এটা ভালো যে যখন লোকেরা, এরকম একটা প্রকল্পের মাধ্যমে, সচেতন হয়ে ওঠে যে আমাদের সমস্ত অমিল সত্ত্বেও অনেক কিছুতেই আমাদের মিল আছে। যেমন, সঙ্গীতবাদ্যে আমাদের ভালোবাসা।

কয়েকক্ষেত্রে, পরস্পরের গান এবং /বা অনুবাদ ব্যবহার করা সুবিধেজনক হবে। আমার মনে হয় প্রকল্পটির উন্নতিসাধনের জন্য কপিরাইট থেকে আমাদের বিরত থাকাই সবচেয়ে ভালো।

সসম্মানে,

সেতুটি